

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/১৭২

তারিখ: ১০ অক্টোবর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানি পণ্য চালানের ওজন (Weight) রপ্তানি সংক্রান্ত দলিলাদিতে সঠিকভাবে লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।


সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি পোশাক শিল্প প্রতিষ্ঠানের পণ্য রপ্তানিতে রপ্তানি সংক্রান্ত দলিলাদিতে উল্লেখিত পণ্য চালানের ওজন (Weight) এর বিপরীতে প্রাইভেট আইসিডি সমূহে কর্মরত কাস্টমস্ কর্মকর্তা কর্তৃক রপ্তানিতব্য পণ্য চালান পরীক্ষণে (Examination) উল্লেখিত ওজনের থেকে অনেক ক্ষেত্রে কম/বেশী পাওয়া যাচ্ছে। ফলে রপ্তানি কার্যক্রম স্থগিতকরণ সহ অসত্য ঘোষণা (Mis declaration) এর কারণে কাস্টমস্ আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, যা ইতিমধ্যে বিভিন্ন পত্র-পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হয়েছে। এতে রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

এমতাবস্থায়, পণ্য চালান রপ্তানির উদ্দেশ্যে প্রেরণের পূর্বে পণ্য চালানের কার্টনের নেট ও গ্রস Weight রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদিতে সঠিক ভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় জরুরী নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশে তৈরি •